গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০১.১৬/২১০

তারিখ: ১৫ অগ্রহায়ন, ১৪২৪ বঃ
২৯ নভেম্বর, ২০১৭ খ্রিঃ

<u>কাস্টমস রুলিং (অগ্রিম) নং- ৬/২০১৭</u>

**বিষয়: <u>T8 Tubelight নামক পণ্যের শ্রেণিবিন্যাস বিষয়ক অগ্রিম রুলিং।</u>**

সূত্র: Philips Lighting Bangladesh Limited এর ২৮/০৯/২০১৭ খ্রিঃ তারিখের আবেদন।

Philips Lighting Bangladesh Limited, T8 Tubelight নামক পণ্যের শ্রেণিবিন্যাস বিষয়ে অগ্রিম রুলিং চেয়ে জাতীয় রাজস্ব বোর্ডের অগ্রিম রুলিং ইউনিট বরাবর নির্ধারিত ফরম-এ আবেদন করেছেন।

(ক) আবেদনকারির পরিচিতি:

| | |
|---|---|
| আবেদনকারির নাম | Philips Lighting Bangladesh Limited. |
| আবেদনকারির ঠিকানা | Road-113/A, House-22, Chaklader House, Floor-11, Gulshan-2, Dhaka-1212 |
| টেলিফোন নম্বর | ০১৭১৪১৬৩৩৬৯, ০২৫৫০৪৯৭৩৩ |
| ই-মেইল | rajib.uddin@philips.com |

(খ) রুলিং সংশ্লিষ্ট পণ্যের বিবরণ:

| | |
|---|---|
| পণ্যের জেনেরিক, বাণিজ্যিক এবং প্রচলিত নাম | T8 Tubelight (Brand: Philips) |
| যে ভৌত অবস্থায় (Form) প্রকৃতিতে আমদানি করা হবে | এ্যাসেম্বল্ড |
| উৎস দেশ (কান্ট্রি অব অরিজিন) | India |
| আমদানিকারক কর্তৃক প্রস্তাবিত শ্রেণিবিন্যাস | এইচ. এস. কোড ৮৫৩৯.৩১.১০ |
| রপ্তানিকারক বা সরবরাহকারি প্রতিষ্ঠানের নাম/ঠিকানা | Philips Lighting India Limited, Gurgaon, Haryana, India<br>Web address: www.philips.lighting.com<br>E-mail: karthik.shah@philips.com |

২। **আবেদনকারির ঘোষণা অনুযায়ী আমদানিয় পণ্যের বিবরণ:**

আমদানিকারক Philips Lighting Bangladesh Limited কর্তৃক দাখিলকৃত তথ্য অনুসারে, T8 Tubelight হলো 8/8 inch (2.54 cm) diameter এর tubular light. এ ধরণের light সমূহ সাধারণত কাচের নল দ্বারা তৈরি যাতে ঘনীভূত গ্যাস থাকে। এই কাচের নল আলোর বিকিরণ গ্রহণ করে তাকে আবার আলোরূপে ফিরিয়ে দেয়। কাচের নলটি পারদ বাষ্পে পূর্ণ থাকে। যখন বৈদ্যুতিক সুইচ অন করা হয় তখন ব্যালাস্ট থেকে গ্যাসের মধ্য দিয়ে ইলেকট্রিক্যাল কারেন্ট/এনার্জি প্রবাহিত হয়, যা পারদ বাষ্পের সাথে সংঘর্ষে আল্ট্রাভায়োলেট রশ্মি তৈরি করে। এই রশ্মি টিউবের ভেতরে সাদা ফসফরাস পাউডারকে উত্তেজিত করে, যা থেকে দৃশ্যমান আলো বের হয়ে আসে।




**Fig: T8 Tubelight**

৩।	**বর্ণিত পণ্যের সঠিক শ্রেণিবিন্যাস ও এর পক্ষে যুক্তিসমূহঃ**

(ক) কোন একটি আমদানিয়/রপ্তানিয় পণ্যের সঠিক শ্রেণিবিন্যাস নির্ণয়ের জন্য উক্ত পণ্যের সবিস্তার বিবরণ, ক্যাটালগ/ব্রুশিওর, লিটারেচার (প্রযোজ্য ক্ষেত্রে) ইত্যাদি পর্যালোচনার পাশাপাশি World Customs Organization (WCO) এর General Rules for the Interpretation of the Harmonized System (GIR) ও Explanatory Notes এবং বিবেচ্য পণ্য সংশ্লিষ্ট Section Notes পর্যালোচনা করা আবশ্যক।

বর্ণিত T8 Tubelight এর শ্রেণিবিন্যাস নির্ধারণে উক্তরূপে এইচ. এস. কোড শ্রেণিবিন্যাস নীতিমালা পর্যালোচনা করা হয়েছে। পর্যালোচনায় দেখা যায়, Explanatory Notes (Volume-5) এর পৃষ্ঠা XVI-8539-2 এ হেডিং ৮৫.৩৯ এর ব্যাখ্যায় (C) Discharge lamps, other than ultra-violet lamps এ বলা আছে

"These consist of a glass envelope (usually tubular) or a quartz envelope (usually in an outer envelope of glass), furnished with electrodes and containing, under low pressure, either a gas which becomes luminous under the influence of an electric discharge or a substance which gives off a vapour having similar properties".

এছাড়া আরো উল্লেখ রয়েছে, "In some cases the internal wall of the lamps is coated with special substances which transform the ultraviolet rays into visible light thus increasing the efficiency of the lamp (fluorescent lamps)".

আমদানিকৃত পণ্য হচ্ছে ইলেকট্রিক লাইট ল্যাম্প, যা মূলত: টিউবুলার গ্লাস আচ্ছাদিত fluorescent lamp হিসেবে কাজ করবে। আমদানিয় পণ্যের বর্ণনার সাথে Explanatory Notes এর বর্ণিত ব্যাখ্যার সামঞ্জস্য রয়েছে বিধায় উক্ত পণ্য হেডিং ৮৫.৩৯ এর অধীনে সাব-হেডিং ৮৫৩৯.৩১ এ শ্রেণিবিন্যাসযোগ্য হবে।

(খ) বাংলাদেশ কাস্টমস ট্যারিফ (বিসিটি) এর আলোকে পর্যালোচনা:

বর্ণিত পণ্যের জন্য প্রযোজ্য এইচ. এস. কোড নির্ধারণের লক্ষ্যে WCO এর এইচ. এস. কোড শ্রেণিবিন্যাস নীতিমালার পাশাপাশি বাংলাদেশ কাস্টমস ট্যারিফ (যা সাধারণত: কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯ এর ফার্স্ট শিডিউল নামে পরিচিত) পর্যালোচনা করা হয়েছে। বিসিটি এর সাব-হেডিং ৮৫৩৯.৩১ এ ফ্লোরোসেন্ট, হট ক্যাথোড বর্ণনায় তিনটি এইচ. এস. কোড রয়েছে। এগুলো হচ্ছে,

8539.31.10--- Energy saving lamp having an output of light three times or more compared to normal filament bulb consuming some electricity.

8539.31.20--- T5 tube light

8539.31.90--- Other

(গ) প্রাপ্ত তথ্যাদির আলোকে পণ্যটির সঠিক এইচ. এস. কোড:

আবেদনে বর্ণিত পণ্যের বিষয়ে পর্যালোচনা ও বিশ্লেষনের জন্য গত ২০/১১/২০১৭ খ্রিঃ তারিখে জাতীয় রাজস্ব বোর্ডে অগ্রিম রুলিং ইউনিট এর একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় আলোচ্য পণ্যের ক্যাটালগ, আবেদনকারির বক্তব্য, ইউনিট সদস্যদের মতামত, ইন্টারনেট হতে প্রাপ্ত তথ্য, এইচ. এস. কোড শ্রেণিবিন্যাস নীতিমালা এবং বাংলাদেশ কাস্টমস ট্যারিফ এর ব্যাখ্যার আলোকে বর্ণিত পণ্যটির সম্ভাব্য এইচ. এস. কোড পর্যালোচনা করা হয়।

পর্যালোচনায় দেখা যায়, এইচ. এস. কোড ৮৫৩৯.৩১.১০ এর আওতায় Compact Fluorescent Lamp (CFL) সমূহ অন্তর্ভূক্ত। CFL বাল্বসমূহ বাজারে এনার্জি সেভিং ল্যাম্প নামে সমধিক পরিচিত। অপরদিকে, Fluorescent Tubular Lamp (FTL) সমূহ এইচ. এস. কোড ৮৫৩৯.৩১.২০ ও এইচ. এস. কোড ৮৫৩৯.৩১.৯০ এর আওতাধীন পণ্য। যেহেতু

T5 tubular ল্যাম্পসমূহকে এইচ. এস. কোড ৮৫৩৯.৩১.২০ এর আওতায় শ্রেণিবিন্যাস করা হয়েছে সেহেতু T8 tubular ল্যাম্পসমূহ 'Other' হিসেবে এইচ. এস. কোড ৮৫৩৯.৩১.৯০ এর আওতায় শ্রেণিবিন্যাসযোগ্য।

৪। **অগ্রিম রুলিং:**

Philips Lighting Bangladesh Limited কর্তৃক আমদানিয় T8 Tubelight নামক পণ্যটি Bangladesh Customs Tariff, General Interpretative Rules (GIR) এবং Explanatory Notes এর ব্যাখ্যানুযায়ী এইচ.এস.কোড ৮৫৩৯.৩১.৯০ তে শ্রেণিবিন্যাসযোগ্য। কাস্টমস রুলিং (অগ্রিম) বিধিমালা, ২০১৬ এর বিধি ৯ মোতাবেক এই অগ্রিম রুলিং জারি করা হলো।

৫। **অগ্রিম রুলিং এর কার্যকারিতা:**

এই অগ্রিম রুলিং জারি হওয়ার তারিখ হতে ১৮ (আঠার) মাস পর্যন্ত কার্যকর থাকবে।

৬। **আবেদনকারির জন্য গুরুত্বপূর্ণ তথ্য:**

(ক) Philips Lighting Bangladesh Limited এই অগ্রিম রুলিং এর কার্যকারিতা থাকাকালীন তৎকর্তৃক আমদানিয় পণ্যের জন্য বাংলাদেশের সকল কাস্টমস স্টেশনে ব্যবহার করতে পারবে।

(খ) এই অগ্রিম রুলিং এ সংক্ষুব্ধ হলে Philips Lighting Bangladesh Limited রুলিং প্রাপ্তির তারিখ হতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে তা রিভিউ এর জন্য অগ্রিম রুলিং ইউনিট বরাবর লিখিতভাবে আবেদন করতে পারবে। রিভিউ আবেদনে উক্তরূপ আবেদনের যৌক্তিকতা সবিস্তারে উল্লেখ করতে হবে।

(স্বাক্ষরিত)
মোঃ লুৎফর রহমান
সদস্য, কাস্টমস নীতি
ও সভাপতি, অগ্রিম রুলিং ইউনিট

<u>বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

**কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম/ ঢাকা/ বেনাপোল/ আইসিডি/ মোংলা/ পানগাঁও।**

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০১.১৬/২১০

তারিখ: ১৫ অগ্রহায়ন, ১৪২৪ বঃ
২৯ নভেম্বর, ২০১৭ খ্রিঃ

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ ঢাকা (দক্ষিণ)/ ঢাকা (পূর্ব)/ ঢাকা (পশ্চিম)/ চট্টগ্রাম/ রাজশাহী/ সিলেট/ কুমিল্লা/ খুলনা/ যশোর/ রংপুর/ বৃহৎ করদাতা ইউনিট (মূসক)/ (আপীল) ঢাকা-১/ (আপীল) ঢাকা-২/ (আপীল) চট্টগ্রাম/ (আপীল) খুলনা।

১৭-২০। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/ কাস্টমস রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/ নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন করা, ঢাকা/ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।

২১-২২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/ চট্টগ্রাম।

২৩। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।

২৪। প্রথম সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

২৫। দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

২৬। Managing Director, Philips Lighting Bangladesh Limited, Road-113/A, House-22, Chaklader House, Floor-11, Gulshan-2, Dhaka-1212

২৭। ব্যক্তিগত সহকারী, সদস্য (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড। [সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য]

২৮। অফিস কপি/ গার্ড নথি।

২৩/১১/১৭

মোহাম্মদ তফছির উদ্দিন ভূঁঞা
সদস্য সচিব, অগ্রিম রুলিং ইউনিট
ও দ্বিতীয় সচিব
কাস্টমস: ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং
ই-মেইল: nbrclassification@gmail.com